ফরিদপুর পৌরসভা কার্যালয়
ফরিদপুর।
www.faridpurmunicipality.gov.bd

স্মারক নং....৩৬০(২১); তারিখ ঃ ২৪/০৩/২০১৯ ইং।

## ঃ মার্চ/২০১৯ মাসের সাধারণ সভার নোটিশ ঃ

আগামী ২৭/০৩/২০১৯ খ্রিঃ তারিখ রোজ- বুধবার বিকালঃ ৩.৩০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে পৌর পরিষদের মার্চ/২০১৯ মাসের সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সম্মানিত কাউন্সিলর সাহেবগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়সমূহ ঃ

০১। ২৪/০২/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরনী অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

০২। রাস্তার নামকরনের ০৩(তিন) টি আবেদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

০৩। হাট-বাজার ইজারা দর অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

০৪। হলের ভাড়া পুনঃনির্ধারণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

০৫। বিভিন্ন ওয়ার্ডের উন্নয়নমূলক প্রকল্প অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

০৬। UGIIP – III এর UGIAP সংক্রান্ত কার্যক্রম, বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

০৭। বিবিধ।

শেখ মাহ্‌তাব আলী মেথু
মেয়র
ফরিদপুর পৌরসভা।
২৪।৩।১৯

প্রাপক ঃ জনাব ...................................

কাউন্সিলর .................. নং ওয়ার্ড

ফরিদপুর পৌরসভা, ফরিদপুর।

# ফরিদপুর পৌরসভা কার্যালয়
## ফরিদপুর।

www.faridpurmunicipality.gov.bd

স্মারক নং ৬৫০ ;                                                                 তারিখ ঃ ২৮/০৪/১৯

২৭/০৩/২০১৯খ্রিঃ তারিখ রোজ বুধবার, বিকাল ৩.৩০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে মাননীয় মেয়র জনাব শেখ মাহ্‌তাব আলী মেথু সাহেবের সভাপতিত্বে অনুষ্ঠিত পৌর পরিষদের মার্চ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ।

০১। মিসেস তৃষ্ণা সাহা
০২। মিসেস হোসনে আরা বেগম।
০৩। জনাব মির্জা জাকির হোসেন।
০৪। জনাব মোঃ আনিসুর রহমান চৌধুরী সাবুল।
০৫। জনাব ইদ্রিস খান।
০৬। জনাব মোঃ মাহফুজুর রহমান মামুন।
০৭। জনাব খোন্দকার সামসুল আরেফিন।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাধীনতা দিবসের শুভেচ্ছা জানিয়ে এবং স্বাধীনতা যুদ্ধে শহীদদের স্মরন করে সভার কাজ শুরু করেন।

০১। গত ২৪/০২/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

সভাপতির অনুমোদনক্রমে পৌরসভার সচিব মোঃ তানজিলুর রহমান গত ২৪/০২/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

০২। রাস্তার নামকরণের ০৩(তিন) টি আবেদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নোক্ত ছক মোতাবেক সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | আবেদনকারীর নাম | রাস্তার বিবরণ | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১। | মোঃ রাশেদ মিয়া, পিতাঃ মৃত জামাল মিয়া, অলীপুর সহ এলাকাবসী (০১৭৩০৮৭৮৩৪৭) | আলাউদ্দিন খান সড়ক বাইলেন | আলাউদ্দিন খান সড়ক বাইলেনকে জামাল মিয়া সড়ক নামে নামকরণ করার সিদ্ধান্ত গৃহিত হলো। |
| ০২। | মোঃ সুমন রহমান (রবিন) ০১৭১২৩৬৭৯৫৭ | শেখ ইয়াছিন সড়ক হতে গাদুমীরের বাড়ী পর্যন্ত রাস্তা | সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের তদন্ত সাপেক্ষে পরবর্তী উপস্থাপন করা হবে। |
| ০৩। | আবুল ফয়েজ শাহ নেওয়াজ জেলা কমান্ডার ফরিদপুর জেলা মুক্তি যোদ্ধা সংসদ | ক) আলীপুর গোরস্থান উত্তর পাশের সড়ক।<br>খ) পাকিস্তান পারা সড়কের নাম পরবর্তন । | সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের তদন্ত সাপেক্ষে পরবর্তী উপস্থাপন করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| | | গ) বনিক বাড়ী সড়ক পরিবর্তন করে ৪ জন মুক্তিযোদ্ধাদের নামে নামকরনের আবেদন। | |

০৩। হাট বাজার ইজারাদ্বর অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

বাংলা ১৪২৬ সনের জন্য পৌরসভা নিয়ন্ত্রণাধীন ১৭(সতের)টি হাট-বাজারের মধ্যে ১৬(ষোল)টি হাট-বাজারের প্রথম ডাকে সরকারী দর পাওয়া যায়। অন্য বাজারটি অর্থ্যাৎ অম্বিকাপুর পৌর বাজার ২য় পর্যায়ের ডাকে প্রাপ্ত দর ৭৬,০০১/- টাকা সরকারী দর ১,১৭,৩৭৭/- টাকা থেকে কম, তৃতীয় পর্যায়ের ডাকে দরপত্র বিক্রি হয়নি। সভাপতি পরিষদ সভাকে এ বিষয়ে আলোচনার জন্য আহবান করেন। সভায় প্রাপ্ত দর নিয়ে বিস্তারিত আলোচনা হয়। কাউন্সিলর খোন্দকার সামসুল আরেফিন সাহেব বলেন পৌরসভার ১৬টি বাজরের দর সরকারী দর থেকে বেশি হওয়ায় অনুমোদন দেওয়া যেতে পারে শুধুমাত্র অম্বিকাপুর পৌর বাজারটি বর্তমানে রেল চালু হওয়ায় খুবই ছোট হয়ে গেছে, ক্রেতা-বিক্রেতা কম সেক্ষেত্রে অম্বিকাপুর বাজার বর্তমান সরকারী দরে বিক্রি হওয়ার সম্ভাবনা নেই। তাছাড়া তৃতীয় পর্যায়ের ডাকেও কোন দরপত্র বিক্রি হয়নি। ১/৪/২০১৯ খ্রিঃ তারিখে ৪র্থ পর্যায়ের ডাকে সময় নির্ধারণ করা আছে।

অম্বিকাপুর পৌর বাজারটি ৪র্থ পর্যায়ের ডাক পর্যন্ত দেখা যেতে পারে। যদি সরকারী দর থেকে বেশি দর না পাওয়া যায় অথবা প্রাপ্ত দর থেকে বেশি দর না পাওয়া যায় তবে প্রাপ্ত দরদাতার অনুকূলে বরাদ্দপত্র প্রদানের বিষয়ে সকলে একমত পোষণ করলে অম্বিকাপুর বাজারসহ নিম্নোক্ত বাজার গুলির দর অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো।

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | সরকরী দর | প্রাপ্ত দর |
|---|---|---|---|
| ০১। | কাঁচা বাজারসহ টেপাখোলা গরুর হাট | ৩,৬৬,৯৩,৬৬৭.০০ | ৩,৬৮,০০,০০০.০০ |
| ০২। | হাজী শরীয়তুল্লাহ বাজার | ১,২৮,৫৯,৬০২.০০ | ১,২৮,৬৫,০০০.০০ |
| ০৩। | তিতুমীর বাজার | ১২,০৭,১৬৩.০০ | ১২,০৮,০০০.০০ |
| ০৪। | ষ্টেশন বাজার | ৫,৮০,৯৮৮.০০ | ৮,৮১,০০০.০০ |
| ০৫। | গোয়ালচামট পৌর বাঁশ হাট | ৬,৫৪,৯৭৩.০০ | ৬,৫৫,৫০০.০০ |
| ০৬। | অম্বিকারপুর পৌর বাজার | ১,১৭,৩৭৭.০০ | ৭৬,০০১.০০ |
| ০৭। | গোয়ালচামট হেলিপোর্ট বাজার | ১৪,৩০,১৬০.০০ | ১৪,৩১,০০০.০০ |
| ০৮। | আল-আমিন পৌর প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন বাজার | ৫,৫৪,৯১০.০০ | ৫,৫৬,০০০.০০ |
| ০৯। | পৌর বাস টার্মিনাল | ১২,৭৯,০৬৭.০০ | ১২,৮৫,০০০.০০ |
| ১০। | কাঁচা বাজারসহ টেপাখোলাবাস ষ্ট্যান্ড | ২,৬৫,৬৭২.০০ | ২,৭০,০০০.০০ |
| ১১। | গোয়ালচামট পৌর মাইক্রোবাস ষ্ট্যান্ড | ৬৩,৪৯৪.০০ | ৬৫,০০০.০০ |
| ১২। | বায়তুল আমান বাজর | ৫৭,২৪০.০০ | ৫৮,০০০.০০ |
| ১৩। | কোমরপুর হাট বাজার | ৪৪,৭৪০.০০ | ৪৫,০০০.০০ |
| ১৪। | সুইচগেট বাজার | ২৪,৯৬০.০০ | ২৫,০০০.০০ |
| ১৫। | গোবিন্দপুর হাট বাজার | ৩৬,০৯৮.০০ | ৩৬,২০০.০০ |
| ১৬। | পারচর হাট বাজার | ১৮,২৮৫.০০ | ১৮,৫০০.০০ |
| ১৭। | মুন্সী বাজার হাট | ২,০০,১৬৩.০০ | ২,০০,৩৬৩.০০ |

০৪। হলের ভাড়া নির্ধারনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত ছক মোতাবেক সিদ্ধান্ত গৃহিত হয়।

| অম্বিকা পৌর মেমোরিয়াল হল (ভাড়া দৈনিক) | | |
|---|---|---|
| নীচ তলা এসি সহ | - | ১৫,০০০/- |
| নীচ তলা নন এসি | - | ১২,০০০/- |
| দ্বিতীয় তলা এসি সহ | - | ৬,০০০/- |
| দ্বিতীয় তলা নন এসি | - | ৪,০০০/- |
| উভয় তলা এসি সহ | - | ১৮,০০০/- |
| উভয় তলা নন এসি | - | ১৫,০০০/- |
| গোয়ালচামট পৌর অডিটোরিয়াম কাম কমিউনিটি সেন্টার | | |
| ভাড়া দৈনিক | - | ১২,০০০/- |
| টেপাখোলা দুধ বাজার পৌর কমিউনিটি সেন্টার | | |
| ভাড়া দৈনিক | - | ৩,০০০/- |
| মাঠের ভাড়া দৈনিক | | |
| বানিজ্যিক | - | ৫,০০০/- |
| জাতীয় অনুষ্ঠান, ওয়াজ মাহফিল ও অন্যান্য অনুষ্ঠান | - | ১,০০০ |
| আলোক সজ্জা, সাউন্ড সিস্টেম ব্যবহারের জন্য ধার্যকৃত বিদ্যুৎ বিল | | |
| অম্বিকা পৌর মেমোরিয়াল হল | - | ৩,০০০/- |
| গোয়ালচামট পৌর অডিটোরিয়াম কাম কমিউনিটি সেন্টার | - | ২,০০০/- |

আগামী ১লা এপ্রিল/২০১৯ হতে এ সিদ্ধান্ত কার্যকরী হবে।

০৫। বিভিন্ন ওয়ার্ডের উন্নয়নমূলক প্রকল্প অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত ছক মোতাবেক সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | কাজের বিবরণ | প্রাক্কলিত টাকা |
|---|---|---|
| ১ | হরিসভা মন্দির হতে দোলনের বাড়ী পর্যন্ত বি,সি, রাস্তা মেরামত কাজ। | ৩৩৬১১৯.১৬ |
| ২ | অনাথের মোড় হতে পূর্ব খাবাসপুর জোড়া ব্রিজ পর্যন্ত বি,সি, রাস্তা মেরামত কাজ। | ১৭৬৯৯৮৭.১৮ |
| ৩ | দিঘনগর আর,এইচ,ডি সবদার হাউজ হতে আনন্দ সাহার বাড়ী পর্যন্ত আর,সি,সি, রাস্তা নির্মাণ কাজ। | ২১৯১৩১৭.৪২ |
| ৪ | আলীপুর রেল লাইন হতে আকলিমার বাড়ী পর্যন্ত সি,সি, রাস্তা নির্মাণ কাজ। | ৩৮৬৩৬৪.৯৯ |
| ৫ | আলীপুর রেল লাইন হতে মুমিন মাষ্টার এর বাড়ী পর্যন্ত সি,সি, রাস্তা নির্মাণ কাজ। | ২৭৬৫৩৬.০৪ |
| ৬ | গোয়ালচামট ১নং রোড হতে হাকির বাড়ী পর্যন্ত মাটির রাস্তা নির্মাণ কাজ। | ১৮৯৮৬৩.৭৫ |
| ৭ | (ক) তকিমোল্লা রাস্তা হতে হাবিব মোল্লার বাড়ী পর্যন্ত আর,সি,সি, রাস্তা, (খ) তকিমোল্লা রাস্তা হতে গঞ্জুর বাড়ী পর্যন্ত বি,এফ,এস, রাস্তা নির্মাণ কাজ। | ৪৯৭১৮৯.৫৪ |
| ৮ | পশ্চিম খাবাসপুর শামসুল উলুম মাদ্রাসা হতে কুমার নদীর ঘাটলা পর্যন্ত সি,সি, রাস্তা নির্মাণ কাজ। | ২৫০২০৩.৬৯ |
| ৯ | কবি জসিম উদ্দিন রাস্তা হতে বিসর্জন ঘাট পর্যন্ত বি,সি, রাস্তা মেরামত কাজ। | ২২২৭৯৬.৮৬ |
| ১০ | গোপালপুর সর্ট রোড হতে কারিকর পাড়া রাস্তা পর্যন্ত বি,সি, রাস্তা মেরামত কাজ। | ২৪৩৯২৬.০৪ |
| ১১ | পূর্ব খাবাসপুর শান্তিবাগের মোড় হতে মাতুর পুকুর পর্যন্ত সি,সি, রাস্তা নির্মাণ কাজ। | ৪৬৫৬৮১.৫২ |
| ১২ | কমলাপুর জাহাঙ্গীর মোল্লা রাস্তা হতে রওশন এর বাড়ী পর্যন্ত সি,সি, রাস্তা নির্মাণ কাজ। | ২৩৫৪৮০.৮৪ |

| | | |
|---|---|---|
| ১৩ | ওয়ারলেছ পাড়া রোড লিয়াকত এর বাড়ী হতে লাল মিয়ার বাড়ী পর্যন্ত সি,সি, রাস্তা নির্মাণ কাজ। | ২৮৮৮৪৫.৫৩ |
| ১৪ | ক) উত্তর পাড়া রোড হতে আব্দুর রব এর বাড়ী পর্যন্ত, খ) উত্তর পাড়া রোড হতে ফরিদ এর বাড়ী পর্যন্ত সি,সি, রাস্তা নির্মাণ কাজ। | ৫১২৪২৫.৯৩ |
| ১৫ | ফকির পাড়া রোড পুবালী ক্লাব পর্যন্ত বি,সি, রাস্তা মেরামত কাজ। | ২৭৮৩০৫.২৩ |
| ১৬ | গোয়ালচামট ২নং রোড হতে বায়তুল জান্নাহ মসজিদ পর্যন্ত আর,সি,সি, রাস্তা নির্মাণ কাজ। | ৮০৪১৩২.৫৭ |
| ১৭ | গোয়ালচামট হাফিজুর এর বাড়ী হতে আর,এইচ,ডি, বাইপাস পর্যন্ত বি,এফ,সি, রাস্তা নির্মাণ কাজ। | ৬৭২৪৬৮.৯০ |
| ১৮ | গোয়ালচামট নূর হেলাল মসজিদ রাস্তা হতে আজমের বাড়ী পর্যন্ত সি,সি, রাস্তা নির্মাণ কাজ। | ৪৯২৪৪৫.৬৫ |
| ১৯ | গোয়ালচামট ২নং রোড বাবরী মসজিদ হতে হাফিজুলের বাড়ী পর্যন্ত বি,এফ.এস. রাস্তা নির্মাণ কাজ। | ৬৩৭৭০৭.৮০ |
| ২০ | মেজর তোফায়েল রোড হতে ইয়াছিন মসজিদ পর্যন্ত বি,সি, রাস্তা মেরামত কাজ। | ২৮৩২৬৪.০৯ |
| ২১ | ইয়াছিন রোড হতে রানার বাড়ী পর্যন্ত মাটির রাস্তা নির্মাণ কাজ। | ২০৬৫৭৯.৪১ |
| ২২ | নিজামদ্দিন খান রোড হতে বন্দর এর বাড়ী পর্যন্ত সি,সি, রাস্তা নির্মাণ কাজ। | ৩৮০৩৯২.৭৯ |
| ২৩ | নিজামদ্দিন খান রোড হতে আব্দুল গনি মিয়ার বাড়ী পর্যন্ত মাটির রাস্তা নির্মাণ কাজ। | ১৪৮৭০৮.৭৩ |
| ২৪ | ০০১৬ নং গাড়ীর ডেন্টিং এবং আইছার ক্যান্টার গাড়ির বডি, ১.৫০ টন গাড়ীর ইঞ্জিন ও টাটা ১৪৮ নং গাড়ীর বডি মেরামত কাজ। | ৩৮৫০০০.০০ |

০৬। UGIIP-III এর UGIAP সংক্রান্ত কার্যক্রম,বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

i) TLCC : ২৭/০৩/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত TLCC সভার সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

ii) WC: WC এর জানু-মার্চ কোয়াটার সভাসমূহের সুপারিশসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

iii) GRC : GRC এর মার্চ/২০১৯ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করা হলো। অভিযোগ নিষ্পত্তির হারে সভা সন্তুষ্টি প্রকাশ করে।

iv) স্থায়ী কমিটি ঃ জানু- মার্চ কোয়াটারে অনুষ্ঠিত স্থায়ী কমিটির সুপারিশ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে স্থায়ী কমিটি সুপারিশগুলো পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

v) পৌরসভার বকেয়া ট্যাক্স ও পানির বিলের পরিমান সভায় উপস্থাপন করা হলো। পরিষদ বকেয়া আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট শাখাকে তৎপর হওয়ার জন্য তাগিদ দিলো।

vi) পৌরসভার দায়-দেনা ঃ ফরিদপুর পৌরসভার কোন দায়-দেনা নেই। ভবিষ্যতে এই ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।

vii) PRAP : PRAP পরিকল্পনা অনুযায়ী মার্চ/২০১৯ পর্যন্ত বরাদ্দের ৫২.৮৮% খরচ হয়েছে এবং বাকী অর্থ PRAP পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। PRAP কমিটিকে তাগিদ দেয়া হলো।

viii) GAP : GAP পরিকল্পনা অনুযায়ী মার্চ /২০১৯ পর্যন্ত বরাদ্দের ৭০.৬০% খরচ হয়েছে এবং বাকী অর্থ GAP পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। GAP কমিটিকে তাগিদ দেয়া হলো।

বিবিধ ঃ

০৭। পানির বিল বৃদ্ধি করণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

পৌর বিধিমালা অনুযায়ী পানি শাখার আয় হতে ঐ শাখার ব্যয় নির্বাহ করতে হবে। কিন্তু কয়েক দফা বিদ্যুৎ বিল বৃদ্ধি পাওয়া সহ ঐ শাখার আনুষঙ্গিক খরচ বৃদ্ধি পয়েছে। প্রতিনিয়ত ভতুর্কি পানি শাখা চলছে। এ বিসয়ে আলোচনার জন্য সকল সদস্যকে আহবান করা হয়। টিএলটিসি সভার সুপারিশ মোতাবেক এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অলোচনান্তে পানির শাখার আয় দিয়ে ব্যয় নির্বাহের উদ্দেশ্য নিম্নোক্ত ছক মোতাবেক পানির বিল নির্ধারনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রমিক নং | ডায়া/ইঞ্চি অনুযায়ী সংযোগের ধরন | বর্তমান মাসিক পানির বিল | | প্রস্তাবিত মাসিক পানির বিল | |
|---|---|---|---|---|---|
| | | আবাসিক | বানিজ্যিক | আবাসিক | বানিজ্যিক |
| ০১। | ১৩ মিঃ মি?/০৫.ইঞ্চি | ১৫০ | ৩৭৫ | ২৭৫ | ৪৫০ |
| ০২। | ১৯ মিঃ মি?/৩/৪ইঞ্চি | ২২৫ | ৫২৫ | ৩৭৫ | ৭০০ |
| ০৩। | ২৫ মিঃ মি?/১ইঞ্চি | ১১২৫ | ২২৫০ | ২২৫০ | ৫০০০ |
| ০৪। | ৩৮ মিঃ মি?/১.৫ইঞ্চি | -- | ৪৫০০ | -- | ৭০০০ |
| ০৫। | ৫০ মিঃ মি?/২ইঞ্চি | -- | ৭৫০০ | -- | ১০০০০ |
| ০৬। | ৭৫ মিঃ মি?/৩ইঞ্চি | -- | ২২৫০০ | -- | ৩০০০০ |

আগামী ১লা মে/২০১৯ হতে এ সিদ্ধান্ত কার্যকরী হবে।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শেখ মাহ্‌তাব আলী মেথু
মেয়র
ফরিদপুর পৌরসভা।
২০।৪।১৯

স্মারক নং. ৮০০(১১)       তারিখ ঃ ২৮/০৪/১৯

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ

১। সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক
ফরিদপুর।

৩ - ১৩। সকল কাউন্সিলর, ফরিদপুর পৌরসভা।

১৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ফরিদপুর পৌরসভা।

১৫। নির্বাহী প্রকৌশলী, ফরিদপুর পৌরসভা।

১৬। সচিব, ফরিদপুর পৌরসভা।

শেখ মাহ্‌তাব আলী মেথু
মেয়র
ফরিদপুর পৌরসভা
২০।৪।১৯

ফরিদপুর পৌরসভা কার্যালয়

ফরিদপুর।

www.faridpurmunicipality.gov.bd

স্মারক নং ৬৫৯ (১২) তারিখ ঃ ২৮/০৪/১৯

## ঃ এপ্রিল/২০১৯ মাসের সাধারণ সভার নোটিশ ঃ

আগামী ২৩/০৪/২০১৯ খ্রিঃ তারিখ রোজ- মঙ্গলবার, সকালঃ ১১.০০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে পৌর পরিষদের এপ্রিল/২০১৯ মাসের সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সম্মানিত কাউন্সিলর সাহেবগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়সমূহ ঃ

০১। ২৭/০৩/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরনী অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

০২। কবর পাকা করনের ০২(দুই) টি আবেদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

০৩। বেতন বৃদ্ধির ০১(এক) টি আবেদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

০৪। বিভিন্ন ওয়ার্ডের উন্নয়নমূলক প্রকল্প অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

০৫। UGIIP – III এর UGIAP সংক্রান্ত কার্যক্রম, বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

০৬। বিবিধ।

শেখ মাহতাব আলী মেথু

মেয়র

ফরিদপুর পৌরসভা।

১৮/৪/১৯

প্রাপক ঃ জনাব ..................................

কাউন্সিলর .................. নং ওয়ার্ড

ফরিদপুর পৌরসভা, ফরিদপুর।

# ফরিদপুর পৌরসভা কার্যালয়

## ফরিদপুর।

www.faridpurmunicipality.gov.bd

স্মারক নং ৫২৬ ; তারিখ ঃ ১৯/০৫/১৯.

২৩/০৪/২০১৯খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার, সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে মাননীয় মেয়র জনাব শেখ মাহ্‌তাব আলী মেথু সাহেবের সভাপতিত্বে অনুষ্ঠিত পৌর পরিষদের এপ্রিল মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ।

০১। মিসেস তৃষ্ণা সাহা
০২। মিসেস হোসনে আরা বেগম
০৩। জনাব মির্জা জাকির হোসেন।
০৪। জনাব মোঃ আনিসুর রহমান চৌধুরী সাবুল।
০৫। জনাব ইদ্রিস খান।
০৬। জনাব নাসির উদ্দিন আহমেদ মিলার।
০৭। জনাব মোঃ মাহফুজুর রহমান মামুন।
০৮। জনাব খোন্দকার সামসুল আরেফিন।
০৯। জনাব মোঃ আঃ জলিল শেখ।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে অগ্রিম রমজানুল মোবারকবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচ্য বিষয় নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

০১। গত ২৭/০৩/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

সভাপতির অনুমোদনক্রমে পৌরসভার সচিব মোঃ তানজিলুর রহমান গত ২৭/০৩/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

০২। কবর পাকা করনের ০২(দুই) টি আবেদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নোক্ত ছক মোতাবেক সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | আবেদনকারীর নাম ও ঠিকানা | মৃত ব্যক্তির নাম ও আবেদনকারীর সাথে সম্পর্ক | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১। | এ,কে,এম আবু ইউসুফ সিদ্দিক পূর্ব গোয়ালচামট, খোদাবক্স রোড, ফরিদপুর। | সাবেক পৌর সভার কমিশনার সাহানা বেগম লক্ষী (আবেদনকারীর স্ত্রী) | সাবেক কমিশনার হওয়ায় আবেদনের প্রেক্ষিতে কবরটি অবস্থান উপরের অংশে হলে বিনামূল্যে পাকা করার অনুমোদন প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ০২। | বীর মুক্তিযোদ্ধা মোঃ মোস্তফা মিয়া, চর টেপাখোলা, ফরিদপুর। | মরহুম মোঃ কামাল হোসেন (আবেদনকারীর সন্তান) | কবরের অবস্থান উপরের অংশে হলে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ফি তে পাকা করার অনুমোদন প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। |

০৩। বেতন বৃদ্ধির ০১(এক)টি আবেদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রঃ নং | আবেদনকারীর নাম ও কাজের বিবরণ | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১. | শহিদ খান, বিল বিতরণকারী, পানি শাখা | দৈনিক ১৬০/- (একশত ষাট) টাকা মঞ্জুর করা হলো। |

০৪। বিভিন্ন ওয়ার্ডের উন্নয়নমূলক প্রকল্প অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত প্রকল্প গুলো পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | কাজের বিবরণ | প্রাক্কলিত টাকা |
|---|---|---|
| ১ | আর,এইচ.ডি (ঢাকা-ফরিদপুর হাইওয়ে) হতে পৌর বাস টার্মিনাল পর্যন্ত আর,সি,সি, রাস্তা (পূর্ব পাশ) নির্মাণ কাজ। (CH- 00.00-85.00m, W-28.00m) | ৯৮৬০৫৮৭.০০ |
| ২ | আর,এইচ.ডি (ঢাকা-ফরিদপুর হাইওয়ে) হতে পৌর বাস টার্মিনাল পর্যন্ত আর,সি,সি, রাস্তা (পশ্চিম পাশ) নির্মাণ কাজ। (CH- 00.00-112.00m, W-21.00m) | ৯৮১৮৭৫১.০০ |
| ৩ | মেজর তোফায়েল রোড ফরিদপুর ডিসি অফিস হতে টেপাখোলা পশুর হাট পর্যন্ত রাস্তা বি,সি, দ্বারা উন্নয়ন কাজ। (CH- 350.00-2320.00m) | ৮১৬৬২১৮.০০ |
| ৪ | মেজর তোফায়েল রোড ফরিদপুর ডিসি অফিস হতে টেপাখোলা পশুর হাট পর্যন্ত রাস্তা বি,সি, দ্বারা উন্নয়ন কাজ। (CH- 00.00-350.00m) | ৫০৮৫৯৭৮.০০ |
| ৫ | বনিক বাড়ী রাস্তা কবি জসিম উদ্দিন সড়ক হতে শহর রক্ষা বাঁধ রাস্তা বি,সি, দ্বারা উন্নয়ন কাজ। (CH- 00.00-1070.00m) | ৬২৫১৩০৫.০০ |
| ৬ | কমলাপুর সরকার বাড়ীর রাস্তা হতে কাজী মোতাহার হোসেন রাস্তা পর্যন্ত আর,সি,সি, দ্বারা উন্নয়ন কাজ। (CH- 00.00-452.00m) | ৫১১৭৩৯৫.০০ |
| ৭ | চরকমলাপুর জোড়া ব্রীজ মুন্সী বাড়ী রাস্তা হতে মাদ্রাসা পর্যন্ত আর,সি,সি, রাস্তা এবং আর,সি,সি, ড্রেন নির্মাণ কাজ। (CH- 00.00-320.00m) | ৭৬৪৫৬৪২.০০ |

০৫। UGIIP-III এর UGIAP সংক্রান্ত কার্যক্রম,বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

i) TLCC : ২৭/০৩/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত TLCC সভার সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

ii) WC: WC এর জানু-মার্চ কোয়াটার সভাসমূহের সুপারিশসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

iii) GRC : GRC এর এপ্রিল/২০১৯ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করা হলো। অভিযোগ নিষ্পত্তির হারে সভা সন্তুষ্টি প্রকাশ করে।

iv) স্থায়ী কমিটি ঃ জানু- মার্চ কোয়াটারে অনুষ্ঠিত স্থায়ী কমিটির সুপারিশ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে স্থায়ী কমিটি সুপারিশগুলো পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

v) পৌরসভার বকেয়া ট্যাক্স ও পানির বিলের পরিমান সভায় উপস্থাপন করা হলো। পরিষদ বকেয়া আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট শাখাকে তৎপর হওয়ার জন্য তাগিদ দিলো।

vi) পৌরসভার দায়-দেনা ঃ ফরিদপুর পৌরসভার কোন দায়-দেনা নেই। ভবিষ্যতে এই ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।

vii) PRAP : PRAP পরিকল্পনা অনুযায়ী এপ্রিল/২০১৯ পর্যন্ত বরাদ্দের ৬১% খরচ হয়েছে এবং বাকী অর্থ PRAP পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। PRAP কমিটিকে তাগিদ দেয়া হলো।

viii) GAP : GAP পরিকল্পনা অনুযায়ী এপ্রিল/২০১৯ পর্যন্ত বরাদ্দের ৭২% খরচ হয়েছে এবং বাকী অর্থ GAP পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। GAP কমিটিকে তাগিদ দেয়া হলো।

বিবিধ ঃ ০৬

০৬ (০১)। জায়গার ভাড়া মওকুফের আবেদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ

টেপাখোলা মৌজার ৫১ ও ৯৫নং দাগের জায়গা নিম্নোক্ত ০৬(ছয়) জনের নামে লীজ প্রদান করা হয়েছিল। মামলা জনিত কারণে লীজ প্রাপ্ত ব্যক্তিগণ উক্ত জায়গার ঠিকমতন ব্যবহার করতে পারেন নাই। তাদের ব্যবসায় ক্ষতিগ্রস্থ হয়। মামলা চলাকালীন সময়ে ভাড়াধার্য্য স্থগিত রাখা ছিল। লীজ প্রাপ্ত ব্যক্তিগণ ব্যবসায় ক্ষতি গ্রস্থ হওয়ায় বকেয়া ভাড়া হতে অর্ধেক মওকুফ করার বিষয়ে আবেদন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বকেয়া ভাড়া থেকে ২৫% ভাড়া মওকুফ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রমিক নং | নাম | ভাড়া স্থগিত হওয়ার পূর্ব পর্যন্ত বকেয়ার পরিমাণ |
|---|---|---|
| ১। | শফিকুল ওয়াদুত তুহিন | জুন/১৮ = ৩,১১০.০০ |
| ২। | মোঃ তৌহিদুল হোসেন | জুন/১৭ - জুন/১৮ = ৪,৩১০.০০ |
| ৩। | রাজিব হোসেন | অক্টো/১৭ - জুন/১৮ = ২১৫০.০০ |
| ৪। | মোঃ জহুরুল ইসলাম | মার্চ/১৭ - জুন/১৮ = ৩৭৫০.০০ |
| ৫। | ফিরোজা বেগম | এপ্রিল/১৭ - জুন/১৮ = ৩৫৯০.০০ |
| ৬। | কাজী শাকিল | ফেব্রু/১৭ - জুন/১৮ = ২৬০০.০০ |

১৫ (পনের) দিনের মধ্যে বকেয়া ভাড়া পরিশোধ না করলে ভাড়া মওকুফের সিদ্ধান্ত বাতিল বলে গন্য হবে। কার্যকরি ব্যবস্থা গ্রহনের জন্য বাজার পরিদর্শককে নির্দেশ দেওয়া হলো।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শেখ মাহ্‌তাব আলী মেথু
মেয়র
ফরিদপুর পৌরসভা।

স্মারক নং ৫২৬/১ (১৬)

তারিখ ঃ ২৯/০৫/১৯

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ

১। সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক
ফরিদপুর।

৩ - ১৩। সকল কাউন্সিলর, ফরিদপুর পৌরসভা।

১৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ফরিদপুর পৌরসভা।

১৫। নির্বাহী প্রকৌশলী, ফরিদপুর পৌরসভা।

১৬। সচিব, ফরিদপুর পৌরসভা।

শেখ মাহ্‌তাব আলী মেথু
মেয়র
ফরিদপুর পৌরসভা

ফরিদপুর পৌরসভা কার্যালয়
ফরিদপুর।
www.faridpurmunicipality.gov.bd

স্মারক নং ৫২৬ (১১)/ তারিখ : ১৯/০৫/১৯

০/c

**ঃ মে/২০১৯ মাসের সাধারণ সভার নোটিশ ঃ**

আগামী ২২/০৫/২০১৯ খ্রিঃ তারিখ রোজ- বুধবার সকালঃ ১১.০০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে পৌর পরিষদের মে/২০১৯ মাসের সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সম্মানিত কাউন্সিলর সাহেবগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়সমূহ ঃ

০১। ২৩/০৪/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

০২। ২০১৯-২০২০ অর্থ বছরে প্রাক বাজেট বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

০৩। দোকান ভাড়া বৃদ্ধি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

০৪। বিভিন্ন ওয়ার্ডের উন্নয়নমূলক প্রকল্প অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

০৫। পৌরকর মওকুফের ০১(এক) টি আবেদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

০৬। ঈদ উল ফিতর/২০১৯ উপলক্ষে দারিদ্রদের মাঝে নগদ অর্থ, শাড়ি, লুঙ্গি বিতরণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

০৭। UGIIP – III এর UGIAP সংক্রান্ত কার্যক্রম, বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

০৮। বিবিধ।

শেখ মাহ্‌তাব আলী মেথু
মেয়র
ফরিদপুর পৌরসভা।
১৯।৫।১৯

প্রাপক ঃ জনাব ..................................

কাউন্সিলর .................. নং ওয়ার্ড

ফরিদপুর পৌরসভা, ফরিদপুর।

ফরিদপুর পৌরসভা কার্যালয়

ফরিদপুর।

www.faridpurmunicipality.gov.bd

স্মারক নং. ৫১১১....... তারিখ ঃ ১২/০৬/১৯

২২/০৫/২০১৯ খ্রিঃ তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে মাননীয় মেয়র জনাব শেখ মাহ্‌তাব আলী মেথু সাহেবের সভাপতিত্বে অনুষ্ঠিত পৌর পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী।

সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ।

০১। মিসেস তৃষ্ণা সাহা

০২। মিসেস হোসনে আরা বেগম।

০৩। জনাব মির্জা জাকির হোসেন।

০৪। জনাব মোঃ আনিসুর রহমান চৌধুরী সাবুল।

০৫। জনাব সেক মান্নান।

০৬। জনাব ইদ্রিস খান।

০৭। জনাব মোঃ মাহফুজুর রহমান মামুন।

০৮। জনাব মোঃ আঃ জলিল শেখ।

০৯। জনাব মোঃ নাফিজুল হোসেন তাপস।

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে রমজানুল মোবারকবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।

০১। গত ২৩/০৪/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

সভাপতির অনুমোদনক্রমে গত ২৩/০৪/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীর ৬ (০১) অনুচ্ছেদে ২৫% ভাড়া মওকুফের পরিবের্ত ৫০% ভাড়া মওকুফ বিষয়টি প্রতিস্থাপন হবে। আর কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী অনুমোদন করা হলো।

০২। ২০১৯-২০২০ অর্থ বছরে প্রাক বাজেট বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

২০১৯-২০২০ অর্থ বৎসরে বাজেট বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নোক্ত ছক মোতাবেক ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০১৯-২০২০ অর্থ বছরের প্রস্তাবিত প্রাক বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

| | | | ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বাজেট | | ২০১৯-২০২০ অর্থ বছরের প্রস্তাবিত প্রাক বাজেট |
|---|---|---|---|---|---|
| ক) | রাজস্ব হিসাব | = | ৩২,২৯,৬৯,৭৫০.৯৫ | - | ৪০,৮০,৯৪,৫১২.৯৫ |
| খ) | উন্নয়ণ হিসাব | = | ২০,৩৫,৭৯,৭৯১.৯১ | - | ১৩,১৩,৭৩,৫৩৪.৯১ |
| গ) | মূলধণ হিসাব | = | ৩,৪৩,৫০,৭৬৯.০০ | - | ৯,০০,৫০,৭৬৯.০০ |
| ঘ) | প্রকল্প হিসাব | = | ৫১,৫৩,৭৩,৬৪২.০০ | - | ১৮৯,৪৫,০৫,৭০০.০০ |
| | সর্বমোট | = | ১০৭,৬২,৭৩,৯৫৩,৮৬ | - | ২৫২,৪০,২৪,৫১৬.৮৬ |

০৩। দোকান ভাড়া বৃদ্ধি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

পৌরসভার নিজস্ব দোকান, বাস টিকিট কাউন্টার ও জায়গা ভাড়ার বৃদ্ধি করার বিষয়ে আলোচনা করা হয়। ২০১৩ সালে এপ্রিল মাসে ৩০% ভাড়া বৃদ্ধি করা হয়েছিল। বিস্তারিত আলোচন্তে দোকান, বাস টিকিট কাউন্টার ও জায়গা বিদ্যমান ভাড়ার উপর ২৫% ভাড়া বৃদ্ধি করা হইল। বর্ধিত ভাড়া ০১/০৭/২০১৯ হতে কার্যকর হইবে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাজার পরিদর্শককে নির্দেশ দেয়া হলো।

০৪। বিভিন্ন ওয়ার্ডের উন্নয়নমূলক প্রকল্প অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আগামী সভার পূর্বে কাউন্সিলর সাহেবগণ সংশ্লিষ্ট ওয়ার্ডে উন্নয়ণ প্রকল্প উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

০৫। পৌরকর মওকুফের ০১(এক) টি আবেদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

জেলা শিল্পকলা একাডেমীর সভাপতি, জেলা প্রশাসক মহোদয় শিল্পকলা একাডেমীর অবকাঠামোর উপর ৩টি হোল্ডিং (ক) কুঠিবাড়ী মহল্লা হোল্ডিং নং ৩৯/০০, বকেয়া ৩,৫৪,৭৮০/- , (খ) ঝিলটুলী মহল্লা হোল্ডিং নং ১/১২-এ, বকেয়া ৪,১৩,১০০/-, (গ) ঝিলটুলী মহল্লা হোল্ডিং নং ১/১২, বকেয়া ১,৩৭,১০০/-, মোট বকেয়া ৯,০৪,৯৮০/- (নয় লক্ষ চার হাজার নয়শত আশি) টাকা মওকুফ চেয়ে আবেদন করেছেন। সভাকে এ বিষয়ে অবহিত করা হয়। এ বিষয়ে জেলা প্রশাসকের সাথে দ্বিপাক্ষিক আলোচনা পূর্বক পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

০৬। ঈদ উল ফিতর/২০১৯ উপলক্ষে দারিদ্রদের মাঝে নগদ অর্থ, শাড়ি, লুঙ্গি বিতরণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

ঈদ-উল ফিতর/২০১৯ উপলক্ষে দুঃস্থ, অসহায় ও দরিদ্রদের মাঝে প্রতিবারের ন্যায় শাড়ী, লুঙ্গি ও নগদ অর্থ বিতরনের সিদ্ধান্ত গৃহিত হয়। বিতরণ শেষে সংশ্লিষ্ট শাখাকে মাষ্টাররোল সংরক্ষনের নির্দেশ দেওয়া হলো।

০৭। UGIIP – III এর UGIAP সংক্রান্ত কার্যক্রম, বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

i) TLCC : ২৭/০৩/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত TLCC সভার সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

ii) WC: WC এর মে-জুন কোয়াটার সভাসমূহে যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে তাদিগ দেওয়া হয়।

iii) স্থায়ী কমিটি ঃ মে- জুন কোয়াটার সভাসমূহে যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে তাদিগ দেওয়া হয়।

iv) PRAP : PRAP পরিকল্পনা অনুযায়ী মে/২০১৯ পর্যন্ত বরাদ্দের ৬৮% খরচ হয়েছে এবং বাকী অর্থ PRAP পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। PRAP কমিটিকে তাগিদ দেয়া হলো।

v) GAP : GAP পরিকল্পনা অনুযায়ী মে/২০১৯ পর্যন্ত বরাদ্দের ৭৫% খরচ হয়েছে এবং বাকী অর্থ GAP পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। GAP কমিটিকে তাগিদ দেয়া হলো।

বিবিধি ঃ ০৮

০৮ (০১) পবিত্র ঈদ-উল ফিতর/২০১৯ উপলক্ষ্যে দুঃস্থ ও অসহায় পরিবারের মাঝে ভিজিএফ চাউল বিতরণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

ফরিদপুর পৌরসভা বরাবর ৪,৬২১টি কার্ডে ৬৯.৩১৫ মেঃটনঃ চাউল বরাদ্দ পাওয়া যায়। এ বিষয়ে বিস্তারিত আলোচান্তে মেয়র, কাউন্সিলরদের মাধ্যমে দুঃস্থ ও অসহায় পরিবারের মাঝে ভিজিএফ চাউল বিতরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

| | | | |
|---|---|---|---|
| ০১। | মেয়র মহোদয় | = | ১৪৫১ টি। |
| ০২। | সংরক্ষিত আসনের কাউন্সিলর মহিলা (১৯০*২) | = | ৩৮০ টি। |
| ০৩। | ১,২,৩,৪,৫,৬ নং ওয়ার্ডের কাউন্সিলর (৩০০*৬) | = | ১৮০০ টি। |
| ০৪। | ৭,৮,৯ নং ওয়ার্ডের কাউন্সিলর (৩৩০*৩) | = | ৯৯০ টি। |
| | সর্বমোট | = | ৪,৬২১টি। |

চাল বিতরণ শেষে সংশ্লিষ্ট শাখাকে মাষ্টাররোল সংরক্ষনের নির্দেশ দেওয়া হলো।

০৮ (০২) ফরিদপুর পৌর শেখ রাসেল শিশুপার্কে ওয়েবপুল, ওয়াটার পার্ক স্থাপনের অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

এ বিষয়ে উভয় পক্ষ আলোচনা সাপেক্ষে হারাহারিভাবে লীজের অর্থ বৃদ্ধি সাপেক্ষে Water Park স্থাপনের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

০৮ (০৩) জায়গা লীজের ০১(এক) টি আবেদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

মোঃ কামরুল হাসন (ডেবিট), পিতাঃ জাহিদুর রহমান জাহিদ, পূর্ব খাবাসপুর, ফরিদপুর। তিনি ১১৮নং ফরিদপুর মৌজার ১০২৯, ১০৩০ নং দাগের (পশ্চিম পাশে) ২০´ X ১৫´ পরিমান জায়গা বরাদ্দ চেয়ে আবেদন করেন। আলোচনান্তে উক্ত জায়গা আবেদনকারীর অনুকুলে ১০,০০০/- টাকা সেলামীর বিনিময়ে অস্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রচলিত শর্তে বরাদ্দ প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

০৮ (০৪) বর্জ ব্যবস্থাপনা উন্নয়ন কাজ বাস্তবায়নের লক্ষ্যে জমি অধিগ্রহণের স্থান পুণঃ নির্বাচন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

ফরিদপুর পৌরসভা ড্রাম্পিং গ্রাউন্ড নির্মানের জন্য গুহলক্ষীপুর মৌজার ১৩.০৬ (একর) জমি অধিগ্রহনের জন্য সিদ্ধান্ত নেওয়া ছিল। কিন্তু উক্ত জায়গার মূল্য অধিক হওয়ায় ০৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে এলজিইডি/পিডি/UGIIP-III(AF)/এল-০৬-২০১৬/১৮০৫ নং স্মারকে অনুমোদিত প্রকল্প দলিল অনুযায়ী প্রকল্প হতে ক্ষতিপূরণের অর্থের সংস্থান করা সম্ভব হচ্ছে না বিধায় UGIIP-III প্রকল্প পরিচালক কমমূল্যে সমপরিমাণ জায়গা অন্যত্র নির্বাচন করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে ২২/০৭/২০১৮ খ্রিঃ তারিখের পরিষদ সভার প্রস্তাব অনুযায়ী ১৮নং মাচ্চর কোওরপুর মৌজার বি এস ৮৯৮৮,৮৯৮৯,৮৯৯০,৮৯৯৩,৮৯৯৪, ৮৯৯৫,৮৯৯৯,৯০০০, ৯০০১ ও ৯০০২ নং দাগের মধ্যে হতে ১০ একর জমি অধিগ্রহনের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে ২১/০৪/২০১৯ খ্রিঃ তারিখে ৪৬.০৬৮.০০৫.০০.০০.০০২.২০১৮/৩৫৭নং স্মারকে প্রশাসনিক অনুমোদন দিয়েছে। প্রস্তাবিত জমির কিছু অংশ প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হবে বিধায় জনস্বার্থে অধিগ্রহনের প্রস্তাব বাধ্য হয়ে সংশোধন করা হলো। সংশোধিত প্রস্তাব অনুযায়ী ১৮নং মাচ্চর কোওরপুর মৌজার বি.এস ৮৯৮৯,৮৯৯০, ৮৯৯৩,৮৯৯৪,৮৯৯৫,৮৯৯৯,৯০০১,৯০০২,৯০০৩,৯০০৪, ৯০০৫,৯০০৬ ও ৯০০৯নং দাগের মধ্যে হতে ১০(দশ) একর জমি অধিগ্রহনের নিমিত্তে প্রশাসনিক অনুমোদন পত্র প্রদানের জন্য স্থানীয় সরকার মন্ত্রনালয়ে পত্র প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

০৮ (০৫) পৌরকর মওকুফের ০১(এক) টি আবেদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ।

নাসিমা ইসলাম (সানু) , স্বামীঃ বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম (মৃত), দঃ আলীপুর, ফরিদপুর। তার আয়ের উৎস না থাকায় পৌরকর ৫০% মওকুফ চেয়ে আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে মুক্তিযোদ্ধার স্ত্রী হিসেবে তাহার ৪০/২৫/এ নং হোল্ডিং এর পৌর কর ৫০% মওকুফ করা হলো। ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে বিল প্রদান না করলে এ সিদ্ধান্ত বাতিল বলে গন্য হবে। কার্যকারী ব্যবস্থা গ্রহনের জন্য কর আদায়কারীকে দায়িত্ব দেওয়া হলো।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শেখ মাহ্‌তাব আলী মেথু
মেয়র
ফরিদপুর পৌরসভা।

স্মারক নং.................. তারিখ ঃ .......................

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ

১। সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক
ফরিদপুর।

৩ - ১৩। সকল কাউন্সিলর, ফরিদপুর পৌরসভা।

১৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ফরিদপুর পৌরসভা।

১৫। নির্বাহী প্রকৌশলী, ফরিদপুর পৌরসভা।

১৬। সচিব, ফরিদপুর পৌরসভা।

শেখ মাহ্‌তাব আলী মেথু
মেয়র
ফরিদপুর পৌরসভা

ফরিদপুর পৌরসভা কার্যালয়
ফরিদপুর।
www.faridpurmunicipality.gov.bd

স্মারক নং..................                                    তারিখ ঃ ......................

# ঃ বিশেষ সভার নোটিশ ঃ

আগামী ৩০.০৫.২০১৯ খ্রিঃ তারিখ রোজ- বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে পৌর পরিষদের বাজেট সংক্রান্ত বিশেষ সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সম্মানিত কাউন্সিলর সাহেবগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় ঃ

০১। ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেট বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

শেখ মাহ্‌তাব আলী মেথু
মেয়র
ফরিদপুর পৌরসভা।
২৩।৫।১৯

প্রাপক ঃ জনাব ..................................
কাউন্সিলর .................. নং ওয়ার্ড
ফরিদপুর পৌরসভা, ফরিদপুর।

ফরিদপুর পৌরসভা কার্যালয়

ফরিদপুর।

www.faridpurmunicipality.gov.bd

স্মারক নং ৫৭৯/১ তারিখ ঃ ৩০/০৫/১৯.

৩০/০৫/২০১৯ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে মাননীয় মেয়র জনাব শেখ মাহ্‌তাব আলী মেথু সাহেবের সভাপতিত্বে অনুষ্ঠিত পৌর পরিষদের বিশেষ সভার (বাজেট ২০১৯-২০২০ অর্থ বছর) কার্যবিবরণী ।

সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ।

০১। মিসেস তৃষ্ণা সাহা

০২। মিসেস হোসনে আরা বেগম।

০৩। জনাব মির্জা জাকির হোসেন।

০৪। জনাব সেক মান্নান।

০৫। জনাব ইদ্রিস খান।

০৬। জনাব নাসির উদ্দিন আহমেদ মিলার।

০৭। জনাব মোঃ মাহফুজুর রহমান মামুন।

০৮। জনাব খোন্দকার সামসুল আরেফিন।

০৯। জনাব মোঃ আঃ জলিল শেখ।

১০। জনাব মোঃ নাফিজুল হোসেন তাপস।

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে রমজানুল মোবারকবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভাপতির অনুমোদনক্রমে পৌরসভার সচিব মোঃ তানজিলুর রহমান ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০১৯-২০২০ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সভায় উপস্থাপন করেন। ২নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ আনিসুর রহমান চৌধুরী সাবুল সাহেব বলেন PRAP ও GAP এর বাজেট বাস্তবায়ন করতে হবে।

১ম প্যানেল মেয়র মির্জা জাকির হোসেন বলেন TLCC সভায় বাজেট বিষয়ে চুলচেরা বিশ্লেষণ হয়েছে। উক্ত TLCC সভায় সকল শ্রেনীর নাগরিক ছিলেন, তাই এবারের বাজেট বাস্তব সম্মত হয়েছে বলে তিনি মনে করেন। প্যানেল মেয়রের বক্তব্যের সাথে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

অতঃপর নিম্নোক্ত ছক মোতাবেক ২০১৯-২০২০ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| | | | ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বাজেট | | ২০১৯-২০২০ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট |
|---|---|---|---|---|---|
| ক) | রাজস্ব হিসাব | = | ৩২,২৯,৬৯,৭৫০.৯৫ | - | ৪১,৭০,৭৪,৫১২.৯৫ |
| খ) | উন্নয়ণ হিসাব | = | ২৫,৬৮,২৯,৭৯১.৯১ | - | ১৩,২৩,৮৩,৫৩৪.৯১ |
| গ) | মুলধণ হিসাব | = | ৩,৪৩,৫০,৭৬৯.০০ | - | ১০,০০,৫৫,৭৬৯.০০ |
| ঘ) | প্রকল্প হিসাব | = | ৫১,৫৩,৭৩,৬৪২.০০ | - | ১৯৯,৪৮,০৫,০০০.০০ |
| | সর্বমোট | = | ১১২,৯৫,২৩,৯৫৩.৮৬ | - | ২৬৪,৪৩,১৮,৮১৬.৮৬ |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শেখ মাহ্‌তাব আলী মেথু<br>
মেয়র<br>
ফরিদপুর পৌরসভা।

৩০।০৫।১৯

Parvez/G-Meeting (RESO).doc

স্মারক নং.................. 

তারিখ ঃ .......................

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ

১। সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক
ফরিদপুর।

৩ - ১৩। সকল কাউন্সিলর, ফরিদপুর পৌরসভা।

১৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ফরিদপুর পৌরসভা।

১৫। নির্বাহী প্রকৌশলী, ফরিদপুর পৌরসভা।

১৬। সচিব, ফরিদপুর পৌরসভা।

শেখ মাহ্তাব আলী মেথু
মেয়র
ফরিদপুর পৌরসভা

Parvez/G-Meeting (RESO) doc